...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১৩ ডিসেম্বর ২০২০ খ্রি:, রবিবার
সভার সময়	সকাল : ১০.০০ টায়
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষে
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। ব্যক্তিগত সহকারী পদে জনাব মো: মনির হোসেন এবং হিসাবরক্ষক পদে জনাব আকাশ বাড়ৈ ০৯ ডিসেম্বর ২০২০ তারিখে যোগদান করায় সভাপতি তাদের অভিনন্দন জানান। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ৩য় শ্রেণির নিয়োগ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করায় সভাপতি ট্রাস্টের পরিচালক, উপ-পরিচালক এবং সহকারী পরিচালক (প্রশাসন)-কে ধন্যবাদ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ১৬ নভেম্বর ২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

<u>০৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :</u>

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	ক) ট্রাস্টের সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) সভায় জানান, সম্মেলন কক্ষের বিদ্যমান মাউথ পিসগুলোর বর্তমান অবস্থা যাচাই করে দেখা যায় যে, সেগুলো ভালো আছে নতুন ক্রয় না করে সার্ভিসিং করা যেতে পারে এবং প্রজেক্টরে আরও একটি স্ক্রিন সংযোজন করা যেতে পারে। ভিডিও কনফারেন্স সিস্টেম, সিসি ক্যামেরা ক্রয়ের বিষয়ে সভায় আলোচনা হয়। খ) ট্রাস্ট অফিসে প্রায়শই দীর্ঘ সময় ধরে বিদ্যুৎ সংযোগ থাকে না। জেনারেটর না থাকায় দাপ্তরিক কাজে চরম বিঘ্ন ঘটে। এছাড়া অফিসের বৈদ্যুতিক যন্ত্রপাতিসহ সার্বিক নিরাপত্তার জন্য ফায়ার এলার্ম ক্রয়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	ক) ট্রাস্টের বিদ্যমান প্রজেক্টরে ২ টি স্ক্রিন সংযোজন করা হবে। সম্মেলন কক্ষে ভিডিও কনফারেন্স সিস্টেম স্থাপন করা হবে। এ লক্ষ্যে বাজার যাচাই করে ক্রয়ের উদ্যোগ নিতে হবে। সম্মেলন কক্ষের মাউথ পিসগুলো সার্ভিসিং করা হবে। ১৬ পোর্ট বিশিষ্ট সিসি ক্যামেরা স্থাপন করা হবে। সিসি ক্যামেরার হার্ড ডিস্কের ব্যাকআপ বাড়াতে হবে। খ) ট্রাস্ট অফিসের জন্য জেনারেটর এবং ফায়ার এলার্ম ক্রয় করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব) এবং সহকারী প্রোগ্রামার
২.	ট্রাস্টের সহকারী পরিচালক (প্রশাসন) সভায় জানান, অফিসের অপ্রয়োজনীয় ও পরিত্যক্ত ১৩০০ কেজি কাগজ যথাযথ প্রক্রিয়ায় বিক্রয় করা হয়েছে। বিক্রয়লব্ধ অর্থ চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কোডে জমা দেয়া হবে। অকেজো অব্যবহৃত কম্পিউটার সামগ্রী এবং পরিত্যক্ত আসবাবপত্র নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও গণপূর্ত অধিদপ্তরের ১ (এক) জন করে প্রতিনিধি নিয়ে ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের মাধ্যমে অব্যবহৃত কম্পিউটার সামগ্রী ও আসবাবপত্র নিলামে বিক্রয় করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৩.	ট্রাস্টের দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার স্থাপন ও বিদ্যমান নোটিশ বোর্ডটি পরিবর্তন করে নতুন নোটিশ বোর্ড স্থাপন এবং বর্তমান সময়ের ছবি লাগানোর বিষয়ে আলোচনা হয়।	ক) আগামী ২৪ ডিসেম্বর ২০২০ এর মধ্যে ট্রাস্ট অফিসে দৃশ্যমান স্থানে নতুন সিটিজেন চার্টার, নোটিশ বোর্ড এবং সম্মেলন কক্ষের দেয়ালে বর্তমান সময়ের ছবি লাগানো হবে। খ) বার্ষিক প্রতিবেদনের মধ্যে করোনাকালীন কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ ও হিসাব)
৪.	ট্রাস্ট অফিসের ফ্লোর, সিঁড়ির মোজাইক এবং জানালার ব্লাইন্ডসমূহ পরিষ্কারের বিষয়ে সভায় আলোচনা হয়।	ট্রাস্ট অফিসের ফ্লোর এবং সিঁড়ির মোজাইক এবং ভার্টিক্যাল ব্লাইন্ড পর্দাগুলো পরিষ্কার করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৫.	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী মহান বিজয় দিবস উদযাপন বিষয়ে সভায় আলোচনা হয়।	আগামী ২০ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে ট্রাস্ট কার্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৬.	ট্রাস্ট অফিসে বৈদ্যুতিক লাইন অনেক পুরানো হওয়ায় যে কোনো সময় দুর্ঘটনার আশঙ্কা থাকে এ কারণে এসি এবং বৈদ্যুতিক লাইন সার্ভিসিং এর বিষয়ে আলোচনা হয়।	প্রতি ০৩ (তিন) মাস অন্তর এসি এবং বৈদ্যুতিক লাইন সার্ভিসিং করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

৭.	ট্রাস্টের পদগুলো ব্লকড। এসব পদে পদোন্নতির কোনো সুযোগ নেই বিধায় প্রবিধানমালা সংশোধনপূর্বক প্রয়োজনীয় পদ সোপান তৈরির বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৪ এবং সংশ্লিষ্ট অন্যান্য নিয়োগ বিধি যাচাই করে ট্রাস্টের পদগুলোতে পদোন্নতির সুযোগ সৃষ্টি ও প্রবিধানমালায় প্রয়োজনীয় সংশোধনের লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য কমিটি গঠন করা হবে।	পরিচালক
৮.	ট্রাস্টের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের উন্নত মানের আইডি কার্ড প্রদান এবং ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	ট্রাস্টের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের উন্নত মানের আইডি কার্ড প্রদান এবং ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন/ অর্থ ও হিসাব)
৯.	সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীর দাপ্তরিক কাজে অংশগ্রহণের বিষয়ে আলোচনা হয়।	স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারী নিয়মিত অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন করবেন এবং সকলকে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.১৭০

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৭
১৫ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৫) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) হিসাব রক্ষক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৭) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৯) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২০) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan
রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক